



পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

২৫ মার্চ, ১৪২৯

তারিখ: -----

০৮ ফেব্রুয়ারি, ২০২৩

পিএসডি সার্কুলার লেটার নং -১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার/পেমেন্ট সিস্টেম অপারেটর


প্রিয় মহোদয়,

'Bangla QR' কোড ভিত্তিক লেনদেন প্রসারে করণীয় প্রসঙ্গে।

পিএসডি সার্কুলার নং- ০১, তারিখ: ৬ জানুয়ারি, ২০২১ এর মাধ্যমে দেশের অভ্যন্তরে পরিচালিত 'Bangla QR' এর ব্যবহারবিধি, লেনদেন নিষ্পত্তি, ফি ও চার্জ নির্ধারণ ইত্যাদি বিষয়ের বিস্তারিত ব্যাখ্যা সম্বলিত Guidelines for 'Bangla QR' Code Based Payments প্রণয়ন করা হয়। উক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে 'Bangla QR' কোড ভিত্তিক লেনদেনের প্রসারে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

১. ব্যাংক/প্রতিষ্ঠানসমূহ আগামী ৩০ জুন, ২০২৩ এর মধ্যে নিজস্ব Proprietary QR-সমূহ (যদি থাকে) 'Bangla QR' দ্বারা প্রতিস্থাপন করবে।
২. Static 'Bangla QR' কোড ভিত্তিক লেনদেনের জন্য একক ব্যক্তিক হিসাবে দৈনিক লেনদেনের সীমা সর্বোচ্চ ২০,০০০.০০ টাকা রহিত করা হলো। তবে, ব্যাংক/প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ঝুঁকি বিবেচনায় মার্চেন্ট পেমেন্টের ক্ষেত্রে Static/Dynamic 'Bangla QR' কোড ভিত্তিক লেনদেনের জন্য একক লেনদেনের সীমা, দৈনিক লেনদেনের সীমা ও সংখ্যা নির্ধারণ করতে পারে।
৩. 'QR' ভিত্তিক লেনদেন বিশেষতঃ সন্দেহজনক/বৃহৎ অংকের লেনদেনসমূহ ব্যাংক/প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে যাচাই/পর্যবেক্ষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোতাহি়ম বিল্লাহ)
পরিচালক (পিএসডি)
ফোন: ৯৫৩০১৭৪